



স্মারক নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৩২.২০-৩৭৯

তারিখ:

০৪ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে আরেফিন ট্রাভেলস লিঃ (হজ লাইসেন্স নং-০৩২), ৬২/১ পুরানা পল্টন (২য় তলা), ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণের বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির মাধ্যমে জনাব মাওলানা মোঃ মাহফুজুল হক এবং জনাব মোঃ রুহুল আমিন ০২ (দুই) জন হজযাত্রী গত বছর পবিত্র হজ পালন করেছেন এবং ২০২০ সালের হজ পালনের জন্য তাঁরা টাকা জমা দেননি। কিন্তু আপনার এজেন্সির পক্ষ হতে বর্ণিত হজযাত্রীদের রিফান্ডের অর্থ ফেরত পাওয়া সংক্রান্ত আবেদন করা হয়েছে এবং সে প্রেক্ষিতে মন্ত্রণালয় থেকে হজযাত্রীদের সাথে টেলিফোনে যোগাযোগ করা হলে তারা জানান, রিফান্ড সংক্রান্ত কোন আবেদন তাঁরা করেনি ও আবেদনপত্রে স্বাক্ষর করেননি; এবং

০৪। যেহেতু আপনার এজেন্সি কর্তৃক নিবন্ধন বাতিলপূর্বক রিফান্ডের আবেদন করা হয়েছে এবং যেহেতু আপনি অন-লাইন আবেদন দাখিলের সময় বিভ্রান্তিমূলক তথ্য প্রদান করেছেন ও জাল স্বাক্ষর করেছেন যা জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ; এবং


০৫। যেহেতু এ মন্ত্রণালয়ের ২৪.০৮.২০২০ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৩২.২০.১৪১ নং স্মারক মূলে আপনার মালিকানাধীন এজেন্সির হজ লাইসেন্স কেন বাতিল করা হবে না তার জবাব ০২ (দুই) দিনের মধ্যে জানানোর জন্য নোটিশ প্রেরণ করা হয়; এবং

০৬। যেহেতু আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেছেন এবং আপনি আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপন করেছেন যা যথার্থ সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

০৭। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের ফলে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৮। সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ (জ) অনুযায়ী আরেফিন ট্রাভেলস লিঃ (হজ লাইসেন্স নং-০৩২) -কে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২০.১০.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৪৩২২

e-mail: morahajsection@gmail.com


স্মারক নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৩২.২০-৩৭৯

তারিখ: ২০.১০.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৫. উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. জনাব মোঃ হেলাল উদ্দিন, স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক, আরেফিন ট্রাভেলস লিঃ (হজ লাইসেন্স নং-০৩২), ৬২/১ পুরানা পল্টন (২য় তলা), ঢাকা-১০০০।
১২. অফিস কপি।


20.10.2020

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব